

এসএসসি পরীক্ষার সময়সূচি পরিবর্তন

■ ১৮ ও ২০ ফেব্রুয়ারির
পরীক্ষা ১৮ ও ২০ মার্চ

■ সমকাল প্রতিবেদক
উপজেলা পরিষদ নির্বাচনের কারণে আগামী ৯ ফেব্রুয়ারি শুরু হতে যাওয়া মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সূম্মানের পরীক্ষার সময়সূচির আংশিক পরিবর্তন করা হয়েছে। পেছানো হয়েছে দুই দিনের পরীক্ষা। গতকাল এসংক্রান্ত আদেশ জারি করেছে শিক্ষা মন্ত্রণালয়।

এতে উল্লেখ করা হয়েছে, প্রকাশিত সময়সূচি অনুযায়ী ১৮ ফেব্রুয়ারি অনুষ্ঠিতব্য এসএসসির ইসলাম শিক্ষা, হিন্দুধর্ম শিক্ষা, বৌদ্ধধর্ম শিক্ষা, খ্রিষ্টধর্ম শিক্ষা এবং দাখিলের আরবি দ্বিতীয় পত্র পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী ১৮ মার্চ। ২০ ফেব্রুয়ারি অনুষ্ঠিতব্য এসএসসির হিসাববিজ্ঞান, দাখিলের বাংলা এবং এসএসসি (ভোকেশনাল) ও দাখিলের (ভোকেশনাল) আয়কর্মসংস্থান ও বাবসায় উদ্যোগ পরীক্ষা নেওয়া হবে আগামী ২০ মার্চ। ■ পৃষ্ঠা ১১ কলাম ৫

এসএসসি পরীক্ষার

[শেষ পৃষ্ঠার পর]

শিক্ষা মন্ত্রণালয়ের উপসচিব মো. অলিউল্লাহ সমকালকে জানান, ১০২টি উপজেলার ভোট গ্রহণ আগামী ১৯ ফেব্রুয়ারি নির্ধারণ করে ডফসিল ঘোষণা করেছে নির্বাচন কমিশন। নির্বাচনী কেন্দ্র হওয়ায় ভোট গ্রহণের দিন ও একদিন আগে পরে মোট তিন দিন বন্ধ রাখতে হবে শিক্ষা প্রতিষ্ঠান। তবে ১৯ ফেব্রুয়ারি বুধবার এসএসসির কোনো পরীক্ষা নেই। আগের দিন মঙ্গলবার ১৮ ফেব্রুয়ারি রয়েছে। নির্বাচনের পর দিন ২০ ফেব্রুয়ারিও পরীক্ষা থাকায় পূর্বঘোষিত সময়সূচির আংশিক পরিবর্তন করা হয়েছে।